# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২০

১/ বিবিধ

---

আরবী

أيما امرأة خرجت من غير أمر زوجها كانت في سخط الله حتى ترجع إلى بيتها أو يرضى عنها
موضوع

أخرجه الخطيب في " تاريخ بغداد " (6/200 - 201) من طريق أبي نعيم الحافظ بسنده عن إبراهيم بن هدبة: حدثنا أنس مرفوعا
ذكره في ترجمة إبراهيم هذا وقال: حدث عن أنس بالأباطيل، ثم ساق له أحاديث هذا أحدها، ثم روى عن ابن معين أنه قال فيه
كذاب خبيث، وعن علي بن ثابت أنه قال
هو أكذب من حماري هذا، وقال الذهبي
حدث ببغداد وغيرها بالبواطيل، قال أبو حاتم وغيره: كذاب
وفي " اللسان
وقال ابن حبان: دجال من الدجاجلة، وقال العقيلي والخليلي: يرمى بالكذب
قلت: ومع هذا كله فقد سود السيوطي " جامعه الصغير " بهذا الحديث من رواية الخطيب، وتعقبه المناوي في " فيض القدير " بقوله وأجاد
وقضية كلام المصنف أن الخطيب خرجه وأقره، وهو تلبيس فاحش فإنه تعقبه بقوله:
قال أحمد بن حنبل: إبراهيم بن هدبة لا شيء، في أحاديثه مناكير ثم ذكر قول ابن معين المتقدم فيه وغيره ثم قال: وقال الذهبي في " الضعفاء

هو كذاب، فكان ينبغي للمصنف حذفه من الكتاب، وليته إذ ذكره بين حاله
قلت: وهذا حق، ولكن المناوي عفا الله عنه كأنه ينتقد السيوطي حبا للنقد، وليس لفائدة القراء والنصح وإلا كيف يجوز لنفسه أن يسكت عن الحديث مطلقا فلا يصفه ولو بالضعف في كتابه الآخر " التيسير بشرح الجامع الصغير " وهو قد ألفه بعد " الفيض " كما ذكر ذلك في المقدمة! أليس في صنيعه هذا كتمان للعلم يؤاخذ عليه أكثر من مؤاخذته هو للسيوطي؟ وكنت أود أن أقول: لعل ذلك وقع منه سهوا، ولكن حال بيني وبين ذلك أنني رأيت له من مثله أشياء كثيرة، سيأتي التنبيه على بعضها إن شاء الله
تنبيه: هدبة هنا بالباء الموحدة كما في " المؤتلف والمختلف " للشيخ عبد الغني بن سعيد الأزدي الحافظ، وهكذا وقع في " تاريخ بغداد " و" الميزان " و" اللسان " بالباء الموحدة، ووقع في " فيض القدير " " هدية " بالمثناة التحتية، وهو تصحيف

বাংলা

১০২০। যে নারী তার স্বামীর নির্দেশ ছাড়াই বাইরে যাবে, সে নারী তার বাড়ীতে ফিরে না আসা পর্যন্ত কিংবা তার স্বামী তার উপর সন্তুষ্ট না হওয়া পর্যন্ত আল্লাহর অসন্তুষ্টির মধ্যে থাকবে।

হাদীসটি জাল।

এটি আল-খাতীব “তারীখু বাগদাদ” (৬/২০০-২০১) গ্রন্থে আবু নুয়াইম সূত্রে তার সনদে ইবরাহীম ইবনু হুদাবাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

হাদীসটিকে তিনি এ ইবরাহীমের জীবনীতে উল্লেখ করে বলেছেনঃ তিনি আনাস (রাঃ) হতে কতিপয় বাতিল হাদীস বর্ণনা করেছেন। অতঃপর তিনি তার কতিপয় বাতিল হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। তিনি ইবনু মাঈন হতে বর্ণনা করেছেন, তিনি বলেছেন যে, ইবরাহীম মিথ্যুক খাবীস। আলী ইবনু সাবেত হতে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ তিনি আমার এ গাধার চেয়েও বেশী বড় মিথ্যুক। হাফিয যাহাবী বলেনঃ বাগদাদ ও অন্য স্থানে তিনি কতিপয় বাতিল হাদীস বর্ণনা করেছেন। আবু হাতিম প্রমুখ বলেনঃ তিনি মিথ্যুক।

হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বলেনঃ ইবনু হিব্বান বলেছেনঃ তিনি দাজ্জালদের মধ্য থেকে এক দাজ্জাল। উকায়লী ও খালীলী বলেনঃ তাকে মিথ্যার দোষে দোষী করা হয়েছে।

এতো কিছু সত্ত্বেও সুয়ূতী তার "জামেউস সাগীর" গ্রন্থে এ হাদীসটি আল-খাতীবের বর্ণনায় উল্লেখ করে তার গ্রন্থকে কালিমালিপ্ত করেছেন। এ কারণে মানবী "ফায়যুল কাদীর" গ্রন্থে তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71899

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন